**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ডাকবাক্স নং ৩২৫**
**ঢাকা**
**বাংলাদেশ**
**www.bangladesh-bank.org.bd**

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

সূত্র নং- এসএমইএসপিডি লেটার সার্কুলার নং ঃ ০৫

২২ ভাদ্র, ১৪১৭
তারিখ ঃ-----------------
০৬ সেপ্টেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**মহিলা উদ্যোক্তাদের গ্রুপ ভিত্তিক এসএমই ঋণ বিতরণ প্রসংগে**

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের ১৫-০২-২০১০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০২/২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

দেশে নারীদের আর্থিক অবস্থা সুসংহত করার লক্ষ্যে ক্ষুদ্র শিল্পে নারী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক এসএমই পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় নারী উদ্যোক্তাদেরকে পুনঃঅর্থায়ন সুবিধাসহ অন্যান্য বিশেষ সুবিধাদি প্রদান করছে ।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত এসএমই ঋণ নীতিমালা ও কর্মসূচীতে গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে । এ নীতিমালায় একক ক্ষুদ্র উদ্যোক্তার ঋণের নিম্ন সীমা হচ্ছে ৫০,০০০/- টাকা । বর্তমানে একজন নারী উদ্যোক্তার ঋণের পরিমান ৫০,০০০/- টাকার নিচে হলে সে উদ্যোক্তাকে এসএমই উদ্যোক্তা হিসেবে গণ্য করা হয়না । এ বিষয়ে বিভিন্ন অঞ্চলের নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ডে সৃষ্ট সমস্যাদির বিষয় বাংলাদেশ ব্যাংকের দৃষ্টিগোচর হয়েছে । এতদ্প্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন থেকে মহিলা ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে গ্রুপ ভিত্তিক এসএমই ঋণ বিতরণ করা যাবে । অর্থাৎ কোন একক নারী উদ্যোক্তার ঋণের সীমা ৫০,০০০/- টাকার নিচে হলে সে ধরনের কয়েকজন নারী উদ্যোক্তা একত্রিত হয়ে গ্রুপ গঠনের মাধ্যমে গ্রুপ ভিত্তিক ৫০,০০০/- টাকা ও তদূর্ধ্ব এসএমই ঋণের জন্য আবেদন করতে পারবেন । গ্রুপ ভিত্তিক বিতরণকৃত এসএমই ঋণ বাংলাদেশ ব্যাংকের এসএমই পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় পুনঃঅর্থায়নযোগ্য বলে বিবেচিত হবে এবং বিতরণকৃত ঋণের সুদের হার সর্বোচ্চ ১০%(ব্যাংক রেট+৫%) বহাল থাকবে ।

গ্রুপের সদস্য সংখ্যা, গ্রুপ ভিত্তিক ঋণের পরিমান, ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ঋণের সদ্ব্যবহার সম্পর্কিত বিষয়াদি ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধিবিধান ও ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে ।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনার বিশ্বস্ত,

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১৬৫৩২২